



## ইসরায়েলকে লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ ইরানের



সংগৃহীত ছবি

ইসরায়েলকে লক্ষ্য করে ইরান থেকে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করা হয়েছে বলে জানিয়েছে ইসরায়েলি সামরিক বাহিনী। রোববার রাতে চালানো এ হামলার পর উত্তর ইসরায়েলের বিভিন্ন এলাকায় সতর্কতা জারি করা হয় এবং আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় করা হয়।

ইসরায়েলি সেনাবাহিনীর দাবি, ইরান থেকে ছোড়া ক্ষেপণাস্ত্রগুলো প্রতিহত করতে তাদের প্রতিরক্ষা ইউনিট দ্রুত কাজ শুরু করে। হাইফাসহ কয়েকটি শহরে সাইরেন বাজানো হয় এবং বাসিন্দাদের নিরাপদ আশ্রয়ে যাওয়ার নির্দেশ দেওয়া হয়।

আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলোর তথ্য অনুযায়ী, বৈরুতের দক্ষিণাঞ্চলে ইসরায়েলের সাম্প্রতিক হামলার পর থেকেই সম্ভাব্য পাল্টা আক্রমণের আশঙ্কায় উচ্চ সতর্কতায় ছিল ইসরায়েল। দেশটির সেনাবাহিনী আগেই জানিয়েছিল, উত্তরাঞ্চলে হামলার ঝুঁকি রয়েছে।

ইরানের বিপ্লবী গার্ড বাহিনী আইআরজিসির সূত্রে জানা গেছে, লেবাননে ইসরায়েলি অভিযানের জবাব হিসেবেই উত্তর ইসরায়েলের দিকে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ছোড়া হয়েছে। হামলার পর ইরানের কয়েকজন কর্মকর্তা এটিকে 'সতর্কবার্তা' বলেও উল্লেখ করেছেন।

এদিকে ইরানের হামলার পর ইসরায়েলের কটরপন্থি রাজনীতিক ও জাতীয় নিরাপত্তামন্ত্রী ইতামার বেন গিভর তেহরানের বিরুদ্ধে কঠোর প্রতিক্রিয়ার হুঁশিয়ারি দিয়েছেন। নতুন এ উত্তেজনায় মধ্যপ্রাচ্যের পরিস্থিতি আরও অস্থিতিশীল হয়ে উঠতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।